

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৬৫

আগরতলা, ২২ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ২২ অক্টোবর, ২০২৪ দৈনিক সংবাদ পত্রিকায় 'জেলা হাসপাতাল চলছে ডাক্তারদের মর্জিমাফিক, রোগীদের চরম ভোগান্তি' শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, সংবাদটি সঠিক নয়। ধলাই জেলা হাসপাতালে বহির্বিভাগে চিকিৎসকরা আসেন এগারোটা থেকে বারোটার মধ্যে, থাকেন দুটো পর্যন্ত, এই অভিযোগও সঠিক নয়। সকাল নয়টা থেকে বিকেল চারটা অবধি সরকারি নিয়ম মেনে বহির্বিভাগে চিকিৎসকরা থাকেন। চিকিৎসকরা সরকারি কোয়ার্টারে প্রাইভেট প্র্যাকটিস করেন, এই অভিযোগও সত্যি নয়। হাসপাতালে গাইনোকোলজিস্ট, ইএনটি স্পেশালিস্ট এবং মেডিসিন স্পেশালিস্ট ডিউটি আওয়ারে থাকেন না, এই বিষয়টিও মিথ্যে। কোনও শনিবারে আয়ুর্বেদিক চিকিৎসক হাসপাতালে থাকেন না, এই বিষয়টিও সত্য নয়। অর্থের বিনিময়ে চিকিৎসা পরিষেবা পাওয়ার অভিযোগটিও অসত্য। হাসপাতালের সিঁড়িতে বসে রোগীদের রাত কাটানোর প্রশ্নই উঠে না কারণ, রিলিজের আগে পর্যন্ত রোগীরা শয্যাতেই থাকেন।
